সমকাল

তারিখ 04 JAN 2016
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

সেমিনারে শিক্ষামন্ত্রী

# শিগগিরই অ্যাক্রিডিটেশন কাউন্সিল আইন

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, নতুন প্রজন্মের জন্য মানসম্মত উচ্চ শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে শিগগিরই অ্যাক্রিডিটেশন কাউন্সিল আইন প্রণয়নের উদ্যোগ নিয়েছে সরকার। তিনি বলেন, এ আইন কার্যকর হলে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে একটি সুস্থ প্রতিযোগিতা সৃষ্টি হবে। সবাই নিজেদের অবস্থান আরও উন্নত করতে সচেষ্ট হবে।

শিক্ষামন্ত্রী গতকাল রোববার রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে অ্যাক্রিডিটেশন কাউন্সিল আইনের ওপর আয়োজিত সেমিনারে বক্তৃতায় এ কথা বলেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা করেন শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইন।

শিক্ষামন্ত্রী তার বক্তৃতায় আরও বলেন, পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর পাশাপাশি বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোও যাতে নিয়মনীতির মধ্যে থেকে সুশৃঙ্খলভাবে মানসম্মত উচ্চ শিক্ষা প্রদানে ভূমিকা রাখতে পারে, সে লক্ষ্যে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০ প্রণয়ন করা হয়েছে। তিনি বলেন, সরকার পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের মধ্যে কোনো ধরনের ব্যবধান সৃষ্টি করতে চায় না।